

# ৮ সদস্যের সিন্ডিকেট কমিটি গঠন

বাকুবি সংবাদাতা

প্রকাশিত: ২১:২৫, ৩০ নভেম্বর ২০২৪



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) আট সদস্যের নতুন সিন্ডিকেট কমিটি গঠন করা হয়েছে। কমিটির মেয়াদ আগামী দুই বছর।

বৃহস্পতিবার (২৮ নভেম্বর) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা (মাউশি) বিভাগের সিনিয়র সহকারী সচিব এ.এস.এম. কাসেম স্বাক্ষরিত একটি বিজ্ঞপ্তিতে এ তথ্য প্রকাশ করা হয়। শনিবার (৩০ নভেম্বর) বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ ও প্রকাশনা দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক মোহাম্মদ তৌফিকুল ইসলাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা  
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৯.৪৬.০৩১.০৪-৪০০

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩১  
২৮ নভেম্বর ২০২৪

বিষয়: বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর কর্তৃক সদস্য মনোনয়ন।

সূত্র: স্মারক নং- ৮৪/ভিসি সচিবালয়, তারিখ: ১৪.১০.২০২৪, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।


মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের সদয় অনুমোদনক্রমে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ, ১৯৬১ এর ১৬ (৪) ও (৫) ধারা এবং প্রথম সংবিধির ২ (২) অনুচ্ছেদ অনুসারে নিম্নোক্ত ব্যক্তিগণকে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটে সদস্য হিসেবে ০২ (দুই) বছরের জন্য মনোনয়ন প্রদান করা হলো:

## ১৬ (৪) ধারা অনুযায়ী:

- (ক) ডিন, ভেটেরিনারি অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।  
(খ) ডিন, কৃষি অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

## ১৬ (৫) ধারা অনুযায়ী:

- (ক) জনাব আব্দুল আউয়াল মিন্টু, চেয়ারম্যান ও সিইও, মাল্টিমোড গ্রুপ অব কোম্পানিজ, এ্যাঙ্কর টাওয়ার, ১০৮ বীর উত্তম সি আর দত্ত রোড, ঢাকা।  
(খ) জনাব শেখ এ কে মোতাহার, সাবেক সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, হাউজ# ১৩, রোড# ০৭, সেক্টর# ১০, উত্তরা আবাসিক এলাকা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।  
(গ) মহাপরিচালক, বাংলাদেশ আনবিক কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা), বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, ময়মনসিংহ।  
(ঘ) প্রফেসর (অব.) ড. মইনুদ্দীন আহমদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।  
(ঙ) জনাব মোঃ রাকিব উদ্দিন, ট্রেজারার (অব.), বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।  
(চ) প্রফেসর ডাঃ মোঃ আনোয়ারুল হক, অর্থোপেডিক সার্জারি বিভাগ, কমিউনিটি বেজড মেডিক্যাল কলেজ, ময়মনসিংহ।

  
২৮.১১.২০২৪  
(এ. এস. এম কাসেম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৫৫১০০৬১৪


ই-মেইল: ds\_univl@moedu.gov.bd

উপাচার্য

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মাননীয় বিশেষ সহকারী (প্রতিমন্ত্রী পদমর্যাদা) এর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

  
২৮.১১.২০২৪  
(এ. এস. এম কাসেম)  
সিনিয়র সহকারী সচিব

সিন্ডিকেট কমিটিতে মনোনীত সদস্যরা হলেন, ভেটেরিনারি অনুষদের ডিন অধ্যাপক ড. বাহানুর রহমান, কৃষি অনুষদের ডিন ড. জি.এম. মুজিবুর রহমান, মাল্টিমোড গ্রুপ অব কোম্পানির চেয়ারম্যান ও সিইও আব্দুল আউয়াল মিন্টু, নৌপরিবহন মন্ত্রণালয়ের সাবেক সচিব শেখ এ কে মোতাহার, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. আবুল কালাম আজাদ, বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ মো. রাকিব উদ্দিন ও অবসরপ্রাপ্ত অধ্যাপক

ড. মইনুদ্দীন আহমদ এবং কমিউনিটি বেজড মেডিকেল কলেজের অর্থোপেডিক সার্জারি বিভাগের অধ্যাপক ডা. মো. আনোয়ারুল হক।

বিজ্ঞপ্তিতে আরও উল্লেখ করা হয়, 'রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের সদয় অনুমোদনক্রমে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ, ১৯৬১ এর ১৬(৪) ও (৫) ধারা এবং প্রথম সংবিধির ২ (২) অনুচ্ছেদ অনুসারে নিম্নোক্ত ব্যক্তিগণকে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটে সদস্য হিসেবে দুই বছরের জন্য মনোনয়ন প্রদান করা হলো।'